

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : আবেদনপত্র পূরণে ভুল করায় নতুন করে অনলাইন-এ ৩৯তম বিসিএস [বিশেষ] পরীক্ষা-২০১৮ এর আবেদন করার অনুমতি প্রদান।

৩৯তম বিসিএস [বিশেষ] পরীক্ষা-২০১৮ এর ২জন প্রার্থী কর্তৃক ভুল তথ্যে পূরণকৃত আবেদন বাতিল করে নতুন করে অনলাইন-এ আবেদন করার অনুমতি চেয়ে দাখিলকৃত দরখাস্তের প্রেক্ষিতে সরকারী কর্ম কমিশন তাদের রেজিস্ট্রেশন নম্বর সংবলিত BPS Form-1 বাতিলপূর্বক আগামী ৩০.০৪.২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০টার মধ্যে নতুন করে অনলাইন-এ আবেদন করার জন্য অনুমতি প্রদান করেছে। নিম্নে প্রার্থীদের নাম ও রেজিস্ট্রেশন নম্বর দেয়া হলো:

ক্রমিক নং	প্রার্থীর নাম	রেজিস্ট্রেশন নম্বর
১.	NOOR-E-SHAFAIYAT	201083
২.	RAJON DAS	118563

- উল্লেখ্য, ৩০.০৪.২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০টার পর কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

[আ.ই.ম. নেহার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

ফোন : ৫৫০০৬৬৪৪

ফ্যাক্স : ৫৫০০৬৬৫৩

ই-মেইল : e_cc@bpsc.gov.bd

তারিখ : ২৬.০৪.২০১৮ খ্রি.

নং-৮০.০০.০০০০.২০০.৫৩.০২৪.১৮-১৪৩

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাকে অনুরোধ করা যাচ্ছে।
- মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্ক্রল নিউজ আকারে বার বার প্রচার করতে তাকে অনুরোধ করা হলো।
- বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা হলো।
- বার্তা সম্পাদক,
বিষয়টি আপনার চ্যানেল-এ স্ক্রল নিউজ হিসেবে বার বার প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
(প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট-এ প্রদানের এবং ৩৯তম বিসিএস এর প্রিলিমিনারি টেস্ট-এ কমিশনের সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
(প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।